

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৫

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

আববী

وَ عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: لَقَدْ رَأَيْتُ سَبِعِينَ مِنْ أَهْلِ الصَّفَّةِ مَا مِنهُمْ رَجُلٌ عَلَيْهِ رِدَاءُ: إِمَّا إِزَارٌ وَإِمَّا كِسَاءٌ قَدْ رَبَطُوا في أَعَناقِهِمْ فَمِنْهَا مَا يَبْلُغُ نِصنْفَ السَّاقَيْن وَمِنْهَا مَا يَبْلُغُ اللَّعَبْيْنِ فَيَجْمَعُهُ بِيَدِهِ كَراهِيَةَ أَنْ تُرَى عَوْرَتُهُ رواه البخاري

বাংলা

(৩৪৫) আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, 'আমি সত্তরজন (আহলে সুফফাকে) এই অবস্থায় দেখেছি, তাদের কারো কাছে (গা ঢাকার) জন্য চাদর ছিল না, কারো কাছে লুঙ্গী ছিল এবং কারো কাছে চাদর, (এক সঙ্গে দু'টি বস্ত্রই কারো কাছে ছিল না) তারা তা গর্দানে বেঁধে নিতেন। অতঃপর সেই বস্ত্র কারো পায়ের অর্ধগোছা পর্যন্ত হত এবং কারো পায়ের গাঁট পর্যন্ত। সুতরাং তাঁরা তা হাত দিয়ে জমা করে ধরে রাখতেন, যেন লজ্জাস্থান দেখা না যায়।

ফুটনোট

(বুখারী ৪৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন